# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮১

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, ঈমান একক বিষয়; এটি বাড়েও না, কমেও না- তার কথা অপনোদনকারী হাদীসের বিবরণ

ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ زَعَمَ أَنَّ الْإِيمَانَ شَيْءٌ وَاحِدٌ وَلَا يَزِيدُ وَلَا يَنْقُصُ

---

আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ مُصْعَبٍ بِخَبَرٍ غَرِيبٍ حَدَّثَنَا أَبُو دَاوُدَ السِّنْجِيُّ سُلَيْمَانُ بْنُ مَعْبَدٍ حدثنا بن أَبِي مَرْيَمَ حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ عَنِ بْنِ الْهَادِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم قال: "الْإِيمَانُ سَبْعُونَ أَوِ اثْنَانِ وَسَبْعُونَ بَابًا أَرْفَعُهُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَدْنَاهُ إِمَاطَةُ الْأَذَى عن الطريق والحياء شعبة من الإيمان".

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 181 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৮১. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: ’ঈমানের সত্তর অথবা বাহাত্তরটি দরজা রয়েছে। সর্বোচ্চ দরজা হলো ’লা ইলাহা ইল্লাল্লাহ’, সর্বনিম্ন দরজা হলো রাস্তা হতে কষ্টদায়ক জিনিস অপসারণ করা। লজ্জাও ঈমানের একটি শাখা।’[1]

قَالَ أَبُو حَاتِمٍ: الِاقْتِصَارُ فِي هَذَا الْخَبَرِ عَلَى هَذَا الْعَدَدِ الْمَذْكُورِ فِي خَبَرِ ابْنِ الْهَادِ مِمَّا نَقُولُ فِي كُتُبِنَا: إِنَّ الْعَرَبَ تَذْكُرُ الْعَدَدَ لِلشَّيْءِ وَلَا تُرِيدُ بِذِكْرِهَا ذَلِكَ الْعَدَدَ نَفْيًا عَمَّا وَرَاءَهُ وَلِهَذَا نَظَائِرُ نوَّعنا لِهَذَا أَنْوَاعًا سَنَذْكُرُهَا بِفُصُولِهَا فِيمَا بَعْدُ إِنْ شاء الله.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “রাবী ইবনুল বর্ণিত এই হাদীসে উল্লেখিত সংখ্যার উপর ক্ষ্যান্ত থাকা হয়েছে, এই ব্যাপারে আমরা আমাদের কিতাবে বলেছি যে, আরবরা কোন কোন সময় কোন কিছুর সংখ্যা

বর্ণনা করে কিন্তু ঐ সংখ্যা উল্লেখের মাধ্যমে তারা অন্যান্য সংখ্যাকে নাকচ করা উদ্দেশ্য নেন না। এর বহু দৃষ্টান্ত রয়েছে। এটিকে আমরা অনেক প্রকারে বিভক্ত করেছি।পরবর্তীতে আমরা এই বিস্তারিত আলোচনা করবো ইনশাআল্লাহ।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৩৫, ৫৮; শারহুস সুন্নাহ: ১৭; আবু দাউদ: ৪৬৭৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১১/৪০; নাসাঈ: ৮/১১০; ইবনু মাজাহ: ৫৭; মুসনাদ আহমাদ: ২/৩৭৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। তবে তিনি ৭০ সংখ্যার হাদীসটিকে বেশি সহীহ আখ্যা দিয়েছেন। (আস সহীহাহ: ১৭৬৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88390

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন